

৫। চৈতন্যজীবনের আলোচনায় বিমানবিহারী মজুমদার তাঁর 'শ্রীচৈতন্য চরিতের উপাদান' বইটিতে তুলনামূলক ঐতিহাসিক পদ্ধতির যে ব্যবহার করেছেন তা দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

৬। সাহিত্য ও দর্শনের সহাবস্থান শশিভূষণ দাশগুপ্তের 'শ্রীরাধার ক্রমবিকাশ' বইটিতে কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা ব্যাখ্যা করো।

অথবা

৭। সংস্কৃতির সূত্রেই সাহিত্যের ইতিহাস পড়ার কথা উঠে আসে আশুতোষ ভট্টাচার্যের 'মঙ্গলকাব্যের ইতিহাস' বইটিতে। এই মন্তব্যকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে লেখো।

অথবা

৮। বিনয় ঘোষ সংস্কৃতি চর্চার ক্ষেত্রে ঐতিহাসিক বস্তুবাদের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। বাংলার সংস্কৃতিচর্চা প্রসঙ্গে কথাটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৫২

মধ্যযুগের সাহিত্য সংস্কৃতি সমালোচনা

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। উনিশ শতকে বাঙালির ইতিহাস বিষয়ে আগ্রহের মধ্যে আসলে একধরনের ইচ্ছেপূরণের আকাঙ্ক্ষা ছিল। বাংলা সাহিত্যের ইতিহাস রচনার প্রকল্পটিও এর বাইরে নয়। এই প্রস্তাব বিষয়ে তোমার নিজস্ব মতামত জানাও।
- ২। রামগতি ন্যায়রত্ন সাহিত্যের ইতিহাস রচনার ক্ষেত্রে যেসব নীতি গ্রহণ করেছেন তা উল্লেখ করো। এবিষয়ে তোমার কোনো সমালোচনা থাকলে তা আলোচনা করো।

অথবা

- ৩। মধ্যযুগের সাহিত্যের ইতিহাস পড়ার ক্ষেত্রে সমকালের মিলটন-পড়া পাঠকের জন্য দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষা ও সাহিত্যের' ভূমিকায় যে মন্তব্য করেছেন সেটিই তাঁর সাহিত্য-ইতিহাস ভাবনাকে অনেকখানি বুঝিয়ে দিয়েছে। এই মন্তব্যটিকে তুমি কীভাবে বিচার করবে লেখো।
- ৪। বৈষ্ণব পদাবলি সম্পাদনায় হরেকৃষ্ণ মুখোপাধ্যায়ের বিশিষ্টতার দিকগুলি সংক্ষেপে আলোচনা করো।

অথবা